বাগেরহাটে ৪৩৫০জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

বাগেরহাটের ফকিরহাটে ৪৩৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে উচ্চ ফলনশীল জাতের বীজ ও সার বিতরণ করা হয়েছে। শনিবার সকালে ফকিরহাট উপজেলা পরিষদ অডিটোরিয়ামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃষকদের হাতে বিশেষ হাত তুলে দেন, ফকিরহাট উপজেলা পরিষদের চেয়ারম্যান স্বপন কুমার দাশ।

ফকিরহাট উপজেলা নির্বাহী কর্মকর্তা সানজিদা বেগমের সভাপতিত্বে বীজ বিতরণ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, ফকিরহাট উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোঃ নাছরুল মিল্লাত, মোরেলগঞ্জ উপজেলা ভাইচ চেয়ারম্যান মোজাম্মেল হক মোজাম, ফকিরহাট উপজেলা মহিলা ভাইচ চেয়ারম্যান তহুরা খানম, ফকিরহাট কৃষি সম্প্রসারণ কর্মকর্তা নুসরত জাহান, মুলঘর ইউপি চেয়ারম্যান হিটলার গোলদার, নলদা ইউপি চেয়ারম্যান সদর আমিনুর রশিদ মুক্তি, উপসহকারী কৃষি কর্মকর্তা প্রদীপ মণ্ডল, কৃষক প্রতিনিধি আসাদ ফকির প্রমুখ।

বক্তারা বলেন, কৃষকদের উন্নয়নের জন্য সরকার নানা ধরনের পদক্ষেপ গ্রহন করেছে। সরকারের দেয়া বিনামূল্যের বীজ সার ব্যবহার করে কৃষকরা লাভবান হবেন।

রবি মৌসুমে বোরোধানের হাইব্রিড (এস এল ৮ এইচ) জাতের বীজ এবং উচ্চ ফলনশীল (উপশী) জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের মাঝে সহায়তা কর্মসূচির আওতায় সাড়ে ২১ লাখ টাকা মূল্যের এই বীজ সার বিতরণ করা হয়।